

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অন্ধ শিক্ষকের সামনে ছাত্রীর বেপর্দা হয়ে কি পড়া যায়?

পরিপূর্ণ অন্ধ হলে তার সামনে পর্দার প্রয়োজন নেই। কারণ সে তো দেখতেই পায় না। নবী (সঃ) ফাতেমা বিনতে কাইসকে অন্ধ সাহাবী আব্দুল্লাহ বিন উন্মে মাকত্মের বাড়িতে ইন্দত পালন করতে অনুমতি দিয়ে বলেছিলেন, "সে একজন অন্ধ লোক। তুমি তার কাছে নিজের চাদর খুলে রাখবে (সে তোমাকে দেখতে পাবে না)।" ৫১৪ (মুসলিম ১৪৮০ নং)

তাছাড়া নবী (সঃ) এর পিছনে লুকিয়ে থেকে মা আয়েশা হাবশীদের খেলা দেখেছেন। ৫১৫ (বুখারী ৯৫০, মুসলিম ৮৯২ নং)

পক্ষান্তরে আবৃ দাউদ ও তিরমিযীর "তোমরা দুজনেও কি অন্ধ?"---এ হাদীস সহীহ নয়।

তবে শর্ত হল, মহিলা অন্ধের প্রতি (অনুরূপ কোন পুরুষের প্রতি) কামনাদৃষ্টিতে তাকাবে না। কারণ মহান আল্লাহ মহিলাকেও নির্দেশ দিয়ে বলেছেন, "বিশ্বাসী নারীদের বল্ যেন তাদের দৃষ্টিকে সংযত করে তাদের লজ্জাস্থান রক্ষা করে।" (নূরঃ ৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=390

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন